**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Anti Drug Campaign :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যকে নেশামুক্ত রাখার ক্ষেত্রে রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি নিয়ে চলেছে। গতকাল আগরতলার উমাকান্ত একাডেমির মাঠে নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে ড্রাগসের অপব্যবহার এবং অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরার ভৌগোলিক অবস্থানকে কাজে লাগিয়ে ড্রাগস পাচারকারিরা রাজ্যকে করিডোর হিসেবে ব্যবহার করছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, মাদক ব্যবহারের সাথে এইডস বিস্তারের একটা সম্পর্ক রয়েছে। সেক্ষেত্রে ‘নো টু ড্রাগস’ কর্মসূচিকে এগিয়ে নিয়ে যেতে সবাইকে অংশ নিতে হবে।

এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পতাকা নেড়ে একটি বাইক র‍্যালি ও পদযাত্রা এবং উমাকান্ত একাডেমিতে একটি রক্তদান শিবিরের সূচনা করেন।

**********************

## Enty drug day :

আজ আন্তর্জাতিক মাদক বিরোধী ও অবৈধ পাচার রোধ দিবস।  জনসাধারনকে মাদকের হাত থেকে রক্ষা এবং অবৈধ পাচারের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধিই এই দিবস পালনের উদ্দেশ্য। এই দিবসটি উপলক্ষে আজ সকালে কেন্দ্রীয় সরকারের নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর রাজ্য শাখার উদ্যোগে আগরতলার হেরিটেজ পার্ক থেকে এক সচেতনতামূলক সাইকেল র‍্যালির আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে সকালে 'ইন্ডিয়ান সাইকিয়াট্রিক সোসাইটি'র রাজ্য শাখার উদ্যোগেও একটি শোভাযাত্রার আয়োজন করা হয় |

*********************

## Sangbidhan Hatya Diwas-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ১৯৭৫ সালের ২৫শে জুন জারি করা জরুরি অবস্থা মানুষের মৌলিক অধিকারকে খর্ব করেছিল | গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সংবিধান হত্যা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গণতন্ত্রকে রক্ষা করতে যারা অত্যাচারিত হয়েছিল তাদের প্রাপ্য সন্মান জানাতে এই দিনটি পালন করার সিদ্ধান্ত নিয়েছেন। অনুষ্ঠানে সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, মানুষকে তার অধিকার ও মুক্তির জন্য লড়াই করতে হবে এবং দেশের বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে সেই কালো ইতিহাস জানাতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য ও কৃতি দেবী দেববর্মন, পুলিশের মহানির্দেশক অনুরাগ প্রমুখ।

**************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নতুনদিল্লিতে 'দ্য ইমারজেন্সি ডায়েরিজ-ইয়ার্স দ্যাট ফোর্জড্ আ লিডার' বইটি প্রকাশ করেছেন। বইটিতে জরুরি অবস্থার বিরুদ্ধে লড়াইয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যিনি তখন একজন তরুণ আরএসএস প্রচারক ছিলেন তার গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরা হয়েছে। জরুরি অবস্থার ৫০তম বার্ষিকী উপলক্ষে সংবিধান হত্যা দিবসে আয়োজিত এই অনুষ্ঠানে শ্রী শাহ বইটি প্রকাশ করেন। এই অনুষ্ঠানেই স্বরাষ্ট্রমন্ত্রী লোকতন্ত্র জিন্দাবাদ যাত্রার সূচনা করেন।

*********************

**CBSE :**

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকশন বছরে দুবার দশম মানের বোর্ড পরীক্ষা গ্রহণে সম্মতি জানিয়েছে। গতকাল এক ঘোষণায় বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছে, আগামী শিক্ষাবছর থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে। নতুন অবকাঠামো অনুসারে ফেব্রুয়ারিতে বাধ্যতামূলক প্রথমবার পরীক্ষা হবে। পরবর্তী পরীক্ষাটি মে মাসে হবে। আর তা হবে অপশনাল। মূলত যেসব  পরীক্ষার্থীরা নিজেদের ফলাফল উন্নত করতে চায়, তারা চাইলে এই পরীক্ষায় বসতে পারবে। এক্ষেত্রে গণিত, বিজ্ঞান, সোশ্যাল সাইন্স এবং ভাষাগত বিষয়ের মধ্যে যেকোন তিনটে বিষয়ে পরীক্ষা দিতে পারবে। দুই পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে এপ্রিল ও জুন মাসে।  এদিকে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এই সিদ্ধান্তকে স্বাগত

জানিয়েছেন| তিনি বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুসারে পড়ুয়াদের স্বার্থে নমনীয় ব্যবস্থাপনা চালুর লক্ষ্যেই এই পদক্ষেপ।

********************

## Ek Ped Ma Ke Nam :

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল খুমলুঙে রাজ্যভিত্তিক গণবৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন। 'এক পেড় মাকে নাম' কর্মসূচির দ্বিতীয় পর্বে গতকাল বনদপ্তর সারা রাজ্য ৫ মিনিটে ৬ লক্ষ বৃক্ষ রোপণ কর্মসূচীর আয়োজন করে| অনুষ্ঠানে বনমন্ত্রী পরিবেশগত ভারসাম্য রক্ষায় গুরুত্ব দেন এবং বন ধ্বংসকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহনের কথা উল্লেখ করেন| এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিসির চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা, বিধায়ক মানব দেব্বর্মা, স্বপ্না দেব্বর্মা, প্রধান বন সংরক্ষক আর কে শ্যামল প্রমুখ।

*********************

## Central Minister-Kailashahar :

কেন্দ্রীয় যুববিষয়ক ও ক্রীড়া দপ্তরের রাষ্ট্রমন্ত্রী রক্সা নিখিল খাডসে গতকাল কৈলাশহর সার্কিট হাউসে "পূর্বোত্তর সম্পর্ক সেতু" শীর্ষক জেলার উন্নয়নমূলক কাজকর্ম বিষয়ে এক পর্যালোচনা বৈঠকে অংশ নেন। বৈঠকে M.G.N.R.G.A, জল জীবন মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, পি.এম- জনমন, জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচি, স্বচ্ছ ভারত মিশন-সহ কেন্দ্রীয় সরকারের অন্যান্য জনমুখী

কর্মসূচীর রূপায়ণ নিয়ে আলোচনা ও মত বিনিময় করা হয়। বৈঠক শেষে কেন্দ্রীয় মন্ত্রী সাংবাদিকদের জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে কেন্দ্রীয় মন্ত্রীরা সফরে এসে জনকল্যাণে গৃহীত কর্মসূচীর পর্যালোচনা করছেন|

************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত এই খেলায় বিজয়ী দল ২-১ গোলে সরোজ সংঘকে পরাজিত করে।

************************

**Weather :**

আজ আকাশ সাধারণতঃ মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস।

*******************

********************